[redacted]

[redacted]

সভাপতির নাতি আইয়ানের প্রথম জন্মদিন পালিত

আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতির নাতি আইয়ানের প্রথম জন্মদিন পালিত হয়েছে।
গতকাল রাত ৮ টার দিকে মাদ্রাসা পাড়াস্থ খন্দকার শাহ আলম মন্টুর বাস ভবনে ছোট মেয়ের এক মাত্র সন্তান আইয়ানের জন্মদিন পালিত হয়েছে।

প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টুর ছোট মেয়ে মাহফুজা সুলতানা, স্বামী প্রবাসি সাদ্দাম হোসের এক মাত্র ছেলে আজমাইন হোসেন আইয়ানের জন্মদিন উপলক্ষে কেক কেটে জন্মদিন পালন করে পরিবারের লোকজন।

এ সময় প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, সহ-সভাপতি রহমান মুকুল, শেখ শফিউজ্জামান, আনোয়ার হোসেন, জামসিদুল হক মুনি, শরিফুল ইসলাম রোকন, গোলাম সরোয়ার সদু প্রমুখ।

আইয়ানের নানা খন্দকার শাহ আলম মন্টু ও নানী জেসমিন সুলতানা সকলের কাছে দোয়া চেয়েছেন।

আলমডাঙ্গা প্রতিনিধি

চিৎলা ইউনিয়ানের কুলপালা থেকে রুইথনপুর, হাপানিয়া সড়কের বেহাল দশা

আলমডাঙ্গা উপজেলার চিৎলা ইউনিয়নের কুলপালা গ্রামের মাঝপথ দিয়ে রুইথনপুর হাপানিয়া সড়ক। আর এই সড়কটিতে চিৎলা ইউনিয়নের সকল জনগণ যাওয়া আসা করে।
বছরের অধিকাংশ সময় এই রাস্তায় পানি জমে থাকে।

সাধারণ মানুষের চলাচল করতে সমস্যা হয়। বিশেষ করে কুলপালা গ্রামের মানুষের বেশি সমস্যা হচ্ছে। ওই রাস্তা দিয়ে মুসুল্লিরা নামাজে যাই। ছোট ছোট বাচ্চারা স্কুলে যায়।

গ্রামের মোহাম্মদ সোহেল শাহ, লাল্টু মিয়া, পটল মিয়া, মমিন মিয়া জানান, এই সড়ক নিয়ে উপজেলা চেয়ারম্যান, এমপি মহোদয় তারা আশ্বস্ত করে। তারা বলেছিলেন যে রাস্তাটি পুণরায় নতুন ভাবে নির্মাণ করা হবে। কিন্তু সেটি খাতা-কলমে সীমাবদ্ধ । বাস্তবে তার কোনো কার্যক্রম আমরা দেখতে পাইনি।

প্রায় ৭-৮ বছর এভাবে সাধারণ জনগণ কষ্ট করে। মাঝে মাঝে ইঞ্জিনিয়ার এসে রাস্তার মাপ নিয়ে যায়। কিন্তু কোন কিছুই হয় না।

চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগ সভাপতি শাহ বাতেন মিয়া জানান, আমি এই বিষয়টি নিয়ে এমপি মহোদয়ের সাথে কথা বলেছি। এমপি মহোদয় জানিয়েছেন অতিশীঘ্রই সড়কটি হয়ে যাবে। আর এটাও সাধারণ জনগণের প্রাণের দাবি।

চিৎলা প্রতিনিধি

দর্শনায় ভারতগামী মালবাহী ট্রেন-মাইক্রোবাসের সংঘর্ষ

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনায় ভারতগামী মালবাহী ট্রেন ও মাইক্রোবাসের সংঘর্ষে নারী-শিশুসহ ৭ জন যাত্রী আহত হয়েছেন। আহতরা সকলেই মেহেরপুরের গাংনী উপজেলার শহরেরর মহিলা কলেজ পাড়ার বাসিন্দা।

রবিবার রাতে দর্শনা জয়নগর চেকপোস্ট সীমান্তের রেল ক্রসিংয়ে এ দুর্ঘটনা ঘটে। এদের মধ্যে তিনজনের অবস্থা আশঙ্কাজনক।

আহতরা হলেন, মেহেরপুর জেলার গাংনী উপজেলা শহরের বজলুর রহমানের স্ত্রী নাসিমা খাতুন (৪৫), মহিউদ্দীনের ছেলে মিজানুর রহমান (৪৫), শের আলীর ছেলে মইনুল ইসলাম (৪২), তার সহোদর আব্দুল হান্নান

(৪৯), আব্দুল মালেকের ছেলে তরিকুল ইসলাম (২২), একই এলাকার ফাতেমা খাতুন (০৬) ও ইয়ামিন হোসেন (০৭)।

প্রত্যক্ষদর্শীরা জানাায়, রোববার সন্ধ্যায় দর্শনা চেকপোষ্ট দিয়ে ভারত থেকে বাংলাদেশে ফেরা পাসপোর্টধারী যাত্রীরা মাইক্রো বাসযোগে বাড়ির উদ্দেশ্যে রওনা দেয়। এ সময় জয়নয়ন চেকপোস্ট অতিক্রম করতে গেলে ভারতগামী একটি মালবাহী ট্রেন ও

মাইক্রোবাসের সংঘর্ষের ঘটনা ঘটে। এতে মাইক্রোবাস দুমড়ে-মুচড়ে যায়। গুরুতর আহত হয় নারী ও শিশুসহ কমপক্ষে ৭ জন মাইক্রোবাসের যাত্রী। পরে বিজিবি সদস্যরা তাদেরকে দ্রুত উদ্ধার করা স্থানীয় ও চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক ডা. শামীমা ইয়াসমিন জানান, আহতদের মধ্যে নাসিমা খাতুন, মইনুল ও হান্নানের অবস্থা আশঙ্কাজনক। তাদেরকে প্রাথমিক চিকিৎসা শেষে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়।
দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সুকুমার বিশ্বাস এ তথ্য নিশ্চিত করেছেন।

এ দিকে আমাদের গাংনী প্রতিনিধি জানান, মইনুল ইসলাম ষোলো টাকা ইউনিয়নের ওয়ার্ড সদস্য। তিনি সহ ৪ জন ভারতে চিকিৎসা নিতে গিয়েছিলেন। গতকাল সন্ধ্যার পর দর্শনা চেক পোস্ট হয়ে দেশে ফিরেন। তাদের কে আনতে পরিবারের সদস্যরা মাইক্রো যোগে দর্শনা যায়। সেখান থেকে ফিরার পথে ভারতগামী মালবাহী ট্রেনের সাথে মাক্রোটি ধাক্কা খায়। এতে ৭ জন গুরুতর আহত হয়।

চুয়াডাঙ্গা ও দর্শনা প্রতিনিধি

মেহেরপুর ও চুয়াডাঙ্গার বিভিন্ন স্থানে কমিউনিটি

পুলিশিং ডে পালন

বর্ণাঢ্য র্যালী, আলোচনা সভা ও সম্মাননা ক্রেষ্ট প্রদানের মধ্য দিয়ে মেহেরপুরে কমিউনিটি পুলিশিং ডে পালন করা হয়েছে।

শনিবার সকালে মেহেরপুর পুলিশ লাইনস মিলনায়তনে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। পুলিশ সুপার এস এম মুরাদ আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মো: আতাউল গনি।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

অতিরিক্ত পুলিশ সুপার মোস্তাফিজুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আ: হালিম, আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, মেহেরপুর জেলা আওয়ামী লীগের মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পাদক আতাউল হাকিম, পিপি পল্লব ভট্টাচার্য্য, জেলা কমিউনিটি পুলিশিং ফোরামের সভাপতি ডা. এমএ রাশার, অ্যাড. শফিকুল আলম প্রমুখ।

এ সময় কমিউনিটি পুলিশিং এ বিশেষ অবদান রাখায় পিপি পল্লব ভট্টাচার্য অ্যাড. শফিকুল আলম ও ইউপি সদস্য শংকর বিশ্বাসকে সম্মাননা ক্রেষ্ট প্রদান করা হয়। এছাড়াও আইজিপির পক্ষ থেকে এসআই আহসান হাবীব এবং ডা, এম এ বাশারকে ক্রেস্ট প্রদান করা হয়।
এদিকে কমিউনিটি পুলিশিং ডে উপলক্ষে একটি র্যালী বের করা হয়। পুলিশ সুপার এসএম মুরাদ আলি পুলিশ সুপার কার্যালয়ে বেলুন উড়িয়ে র্যালীর সূচনা করেন। বাদ্যের তালে তালে র্যালীটি পুলিশ সুপারের কার্যালয় চত্বর থেকে শুরু করে পুলিশ লাইনস এ গিয়ে শেষ হয়।

র্যালীতে অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, মোস্তাফিজুর রহমান, সদর থানার ওসি শাহ দারা, গাংনী থানার ওসি ওবায়দুর রহমান, মুক্তিযোদ্ধা কে এম আতাউল হাকিম লাল মিয়া, ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দীন আহম্মেদ চুন্নু, শাহজামাল, আনারুল ইসলাম সহ পুলিশের বিভিন্ন কর্মকর্তা, জন প্রতিনিধি, শিক্ষক- শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

গাংনী প্রতিনিধি জানান, “পুলিশের সাথে কাজ করি, মাদক-জঙ্গি-সন্ত্রাস মুক্ত দেশ গড়ি” এ শ্লোগানের মধ্যে দিয়ে মেহেরপুরের

জনপ্রতিনিধি, শিক্ষক- শিক্ষার্থী ও বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ অংশ নেন।

চুয়াডাঙ্গা প্রতিনিধি জানান, শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা, স্বেচ্ছায় রক্তদান, বর্ণাঢ্য শোভাযাত্রা, আলোচনা সভা ও কেক কাটার মধ্য দিয়ে চুয়াডাঙ্গায় পালন করা হয়েছে কমিউনিটি পুলিশিং ডে। শনিবার দিনব্যাপি এসব কর্মসূচির মধ্য দিয়ে দিবসটি উদযাপন করা হয়।

পুলিশিং ডে উপলক্ষ্যে সকাল ১০টায় জেলা পুলিশের আয়োজনে শহরে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। পুলিশ সুপারের কার্যালয় থেকে বের হয়ে শোভাযাত্রাটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। শোভাযাত্রা শেষে চুয়াডাঙ্গা সদর থানা চত্বরে আয়োজন করা হয় স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি। এ কর্মসূচিতে জেলা পুলিশের বিভিন্ন স্তরের কর্মকর্তাসহ কনস্টেবলরা রক্তদান করেন।

দুপুরে চুয়াডাঙ্গা পুলিশ লাইনে পুলিশিং ডে’র তাৎপর্য তুলে ধরতে আয়োজন করা হয় আলোচনা সভা। জেলা পুলিশিং কমিটির প্রধান উপদেষ্টা পুলিশ সুপার মো. জাহিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

এ সময় তিনি বলেন, অতীতের যে কোন সময়ের চেয়ে বর্তমান পুলিশিং ব্যবস্থা জনবান্ধব। এখন আর সাধারণ মানুষকে থানাতে গিয়ে হয়রানি হতে হয়না। ফোন করা মাত্রই পুলিশ পৌঁছে যায় প্রত্যন্ত অঞ্চলে। এটি সম্ভব হয়েছে বর্তমান প্রধানমন্ত্রীর আন্তরিকতায়।
জেলা পুলিশিং কমিটির প্রধান উপদেষ্টা ও পুলিশ সুপার মো. জাহিদুল ইসলাম তার বক্তৃতায় বলেন, শুধু পুলিশের একার পক্ষে একটি জেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি উন্নতি সম্ভব নয়। এজন্য দরকার সাধারণ মানুষের আন্তরিকতা ও সহযোগিতা।

আর এজন্যই কমিউনিটি পুলিশিং গঠন ছিল সময়ের দাবি। তিনি দাবি করেন, কমিউনিটি পুলিশিং গঠনের পর এখন সাধারণ মানুষের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করছে পুলিশের বিভিন্ন ইউনিটের সদস্যরা। কমিউনিটি পুলিশিং কমিটির সদস্যদের সহযোগিতায় দেশে মাদক, সন্ত্রাসী জঙ্গীবাদ নির্মূল সহজ হচ্ছে বলেও মন্তব্য করেন জাহিদুল ইসলাম। আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) খোন্দকার ফরহাদ আহমদ, পৌর মেয়র ওবায়দুর রহমান

হরিণাকুন্ডু প্রতিনিধি জানান, পুলিশের সঙ্গে কাজ করি, মাদক-জঙ্গী-সন্ত্রাসমুক্ত দেশ গড়ি পুলিশই জনতা, জনতাই পুলিশ এই শ্লোগানে ঝিনাইদহের হরিণাকু-ু থানা পুলিশের আয়োজনে কমিউনিটি পুলিশং ডে-২০১৯ উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকালে হরিণাকু-ু থানা প্রাঙ্গণ থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের হয়ে উপজেলার পাইলট স্কুল এ-কলেজ প্রাঙ্গণে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন।
এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানা।

হরিণাকু-ু থানার অফিসার ইনচার্জ আসাদুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে উপজেলা আওয়ামী লীগ সভাপতি মশিউর রহমান জোয়ার্দ্দার, সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, সংসদ সদস্যের প্রতিনিধি রওশন আলী, জোড়াদহ কলেজের অধ্যক্ষ শরিফুল ইসলাম, মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার মহি উদ্দীন মাস্টার, ইউ.পি চেয়ারম্যান ফজলুর রহমান, নাজমুল হুদা পলাশ, প্রেসক্লাব সভাপতি সাইফুজ্জামান তাজু প্রমুখ বক্তব্য রাখেন।

: প্রতিদিন ডেস্ক

মেহেরপুর-চুয়াডাঙ্গা রুটে সরাসরি বাস চলাচল শুরু

চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলা প্রশাসন এবং পুলিশ বিভাগের আলোচনার পর সরাসরি মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কে বাস চলাচল শুরু হয়েছে।

দীর্ঘ প্রতীক্ষার পর মেহেরপুর চুয়াডাঙ্গা ভায়া মুজিবনগরে বাস চলাচল করছে। মেহেরপুর, চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও পুলিশ বিভাগ এবং মালিক শ্রমিক নেতৃবৃন্দের আলোচনা পর বিষয়টি নিয়ে সিদ্ধান্ত হয়।

শনিবার সকালে মেহেরপুরের নতুন বাস টার্মিনাল থেকে মেহেরপুর, চুয়াডাঙ্গা ও মুজিবনগরের উদ্দেশ্যে সরাসরি বাস ছেড়ে যায়। পাশাপাশি চুয়াডাঙ্গা বাস টার্মিনাল থেকে যাত্রী নিয়ে মেহেরপুরের উদ্দেশ্যে ছেড়ে আসবে।

গতকাল সকালে থেকে মেহেরপুরের ট্রাফিক ইন্সপেক্টর ইসমাইল হোসেন বিষয়টি তদারকি করেন। এর আগে মেহেরপুর সার্কিট হাউজ মিলনায়তনে মেহেরপুর, চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও পুলিশ বিভাগ এবং বাস ও মিনিবাস মালিক শ্রমিক নেতৃবৃন্দের আলোচনা সভায় বিষয়টি নিয়ে সিদ্ধান্ত হয়।

নিজস্ব প্রতিনিধি

আলমডাঙ্গায় মুদি দোকান পুড়ে ছাই

আলমডাঙ্গার কুমারী বাজারের রাজন ষ্টোর নামক এক মুদি দোকানে ভয়াবহ আগুন লেগে দোকানের সব মালামাল পুড়ে ভস্মিভুত হয়েছে। ঘটনাটি ঘটেছে গত শুক্রবার রাত ১০ টার দিকে।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার কুমারী গ্রামের চাষী পাড়ার গোলাপ মন্ডলের ছেলে রাজন আলী কুমারী বাজারের উপর একটি পাকা দোকান ঘর ভাড়া নিয়ে মুদি ব্যবসা করে আসছিল। প্রতি দিনের ন্যায় গত শুক্রবার দিন সন্ধার পর দোকান বন্ধ করে বাড়ী চলে যায়, আনুমানিক রাত ১১ টার দিকে সে জানতে পারে তার দোকানে আগুন লেগেছে। সাথে সাথে সে তার দোকানে ছুটে এসে দেখতে পায় তার দোকার পুড়ে প্রায় সব শেষ।

স্থানীয় ও গ্রামবাসীর সহযোগীতায় প্রায় দেড় ঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রনে আসে। সংবাদ পেয়ে আলমডাঙ্গা ফায়ার সার্ভিস দ্রুত ছুটে এসে জানান বিদ্যুতের সট সার্কিট থেকে আগুনের সুত্রপাত হয়েছে।

এ বিষয়ে দোকানের মালিক রাজন আলী জানান আমার দোকান থেকে প্রায় ২ লাখ টাকার মালামাল পুড়ে গেছে। ঘটনাটি জানতে পেরে কুমারী ইউপি

চেয়ারম্যান আবু সাইদ পিন্টু সহ এলাকার গন্যমান্য ব্যক্তি বর্গ ঘটনাস্থল পরিদর্শন ও দুঃখ প্রকাশ করেন।

এ বিষয়ে আলমডাঙ্গা ফায়ার সার্ভিসের কর্মকর্তাকে জিজ্ঞাসা করলে তিনি এর সত্যতা স্বীকার করেন। তারা জানান প্রায় লক্ষাধিক টাকার মালামাল পুড়ে ভস্মিভুত হয়ে গেছে।

আলমডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় ৭টি ভারতীয় গরু আটক করেছে বিজিবি

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার বারাদি সীমান্তের নাস্তিপুর গ্রামে অভিযান চালিয়ে ভারত থেকে পাচার করে আনা ৭টি গরু আটক করেছে বিজিবি সদস্যরা।

শনিবার দুপুর দেড়টা এবং বিকাল পৌনে চারটায় আলাদা দুটি অভিযানে গরুগুলো আটক করা হয়। আটক করা গরুর আনুমানিক মূল্য চার লাখ ২০ হাজার টাকা বলে জানায় বিজিবি।

চুয়াডাঙ্গা ৬ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক মোহাম্মদ খালেকুজ্জামানা জানান, গোপন সংবাদের ভিত্তিতে সীমান্তে ৮০ নম্বর মেইন পিলারের ৫০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে নাস্তিপুর গ্রামে দুটি অভিযান চালায় বিজিবি।

এ সময় ভারত থেকে পাচার করে ৭টি গরু আটক করা হয়। এর আগে পাচারকারীরা বিজিবির উপস্থিতি টের পেয়ে পালিয়ে যায়। আটককৃত গরুগুলো দর্শনা কাস্টমসে জমা দেয়া হয়েছে।

:চুয়াডাঙ্গা প্রতিনিধি

জীবননগরে সাংবাদিক সমিতির মাসিক সভা অনুষ্ঠিত

জীবননগর সাংবাদিক সমিতির মাসিক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকাল সাড়ে ৩টার সময় জীবননগর সাংবাদিক সমিতির আয়োজনে থ্রি-স্টার হোটেল এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি আতিয়ার রহমানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর সাংবাদিক সমিতির উপদেষ্টা ও সাপ্তাহিক জীবননগর বার্তার সম্পাদক ও প্রকাশক শামসুল আলম, অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সাংবাদিক সমিতির সহ-সভাপতি জামাল হোসেন খোকন,শেখ শহিদুল ইসলাম, যুগ্ন সাধারন সম্পাদক মিঠুন মাহমুদ, নুর আলম, বশির উদ্দিন বিশ্বাস, জাহিদুল ইসলাম মামুন, রাসেল হোসেন মুন্নাসহ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জীবননগর সাংবাদিক সমিতির সদস্য রাজেদিন, মাসুম, রিপন, এ আর ডাবলু, শাকিব হোসেন রবিন, অর্পন রকি, শোয়াইব হোসেন, মতিয়ার রহমান, রমজান হোসেন, আহম্মেদ সগির প্রমুখ।

জীবননগর প্রতিনিধি

চুয়াডাঙ্গায় ও ঝিনাইদহে সড়ক দুর্ঘটনায় প্রাণ হারালো-৩

চুয়াডাঙ্গা জেলা শহরের রেলবাজার এলাকায় ইজিবাইকের ধাক্কায় আবু নাঈম জোয়ার্দ্দার টিপু (৬৫) নামে একজন নিহত হয়েছেন।

শুক্রবার সকাল ১০টার দিকে এ দূর্ঘটনা ঘটে। নিহত আবু নাঈম জোয়ার্দ্দার টিপু শহরের মাঝেরপাড়ার আবু মোতালেব জোয়ার্দ্দারের ছেলে।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) আবু জিহাদ মো. ফখরুল ইসলাম খান জানান, শুক্রবার সকালে শহরের রেলবাজার এলাকার শহর

পুলিশ ফাঁড়ির সামনের রাস্তা পার হওয়ার সময় একটি ইজিবাইক পিছন থেকে আবু নাঈম জোয়ার্দ্দার টিপুকে ধাক্কা দেয়।

এ সময় তিনি রাস্তায় ছিটকে পড়ে মাথায় ও বাম হাতে আঘাত পান। স্থানীয়রা তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

ঝিনাইদহ প্রতিনিধি জানান, ঝিনাইদহে ট্রাকের চাপায় দুই মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন।
গতকাল শুক্রবার সন্ধ্যা ৬টার দিকে শহরের চক্ষু হাসপাতালের সামনে এ ঘটনা ঘটে। নিহতরা হলেন- সদর উপজেলার চুটলিয়া গ্রামের আতিয়ার রহমানের ছেলে হাসানুজ্জামান ও একই এলাকার রওশন ম-লের ছেলে রাশেদুল ইসলাম।

তারা সম্পর্কে চাচা-ভাতিজা বলে জানা গেছে। ঝিনাইদহ ফায়ার সার্ভিসের সাব-স্টেশন অফিসার রউফ মোল্লা জানান, মোটরসাইকেল আরোহী রাশেদুল ও হাসানুজ্জামান মাগুরা থেকে ঝিনাইদহের দিকে আসছিল।

পথিমধ্যে ঝিনাইদহ চক্ষু হাসপাতাল এলাকায় পৌঁছালে সামনের দিক থেকে আসা একটি সবজি বোঝাই ট্রাক মোটরসাইকেলটিকে চাপা দেয়। এতে ঘটনাস্থলেই তাদের মৃত্যু হয়।
তিনি আরও জানান, মৃতদেহ দুটি সদর হাসপাতালে রাখা হয়েছে।

ঘাতক ট্রাকটিকে আটক করা হয়েছে। তবে চালক পলাতক রয়েছে।

চুয়াডাঙ্গা প্রতিনিধি